# সম্পাদকীয়

মোঃ আব্দুল মতিন মুক্ত
**পরিচালক**
ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



কপোতাক্ষ, বেগবতী আর নবগঙ্গার ঝিনুকদহ থেকে ঝিনেই, ঝিনেই থেকে জন্ম নিয়েছে ঝিনাইদহ নামের প্রাণপ্রাচুর্যময় জনপদ। ইতিহাস, ঐতিহ্য আর প্রকৃতির সমাহারে সমৃদ্ধ এই জেলা আমাদের গৌরব।

এখানে আছে গাজীকালু-চম্পাবতীর মাজার, বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের স্মৃতি, মরমি কবি পাগলা কানাইয়ের ইতিহাস। শৈলকুপার শাহী মসজিদ আর কামান্নার মুক্তিযুদ্ধের স্মৃতি আজও বাঙালির সাহসকে জাগ্রত করে। এশিয়া বিখ্যাত মহেশপুর দত্তনগরের সবুজের সোনালী কৃষিখামার, পৃথিবী বিখ্যাত কালীগঞ্জ সুইতলা মল্লিকপুরের বটগাছ, কোটচাঁদপুরের বাওড়ঘেরা প্রকৃতি সব মিলিয়ে ঝিনাইদহ প্রাকৃতির অপার সৌন্দর্যের ভান্ডার।

এ জেলা গর্বিত হরিণাকুণ্ডুর হরিশপুরের আধ্যাত্মিক সাধক লালনশাহ, পাঞ্জুশাহ, শিরাজ শাহের স্মৃতিতে। আছে কৃষি বিপ্লবের বিপ্লবী নেতা শৈলকুপা বাগুটিয়ার ইলা মিত্র, জগত বিখ্যাত গণিত-শাস্ত্রবিদ কে, পি বসু, ইসলাম ও প্রেমের কবি গোলাম মোস্তফা, বিপ্লবী বাঘা যতীনের সংগ্রামী চেতনা। আছে বারো আউলিয়ার বার মসজিদ ও আলোকিত ঝিনাইদহ ক্যাডেট কলেজ। এই আমাদের ঝিনাইদহের ঐতিহ্য, ইতিহাস আর গৌরবে ভরা এক আলোকিত ভূমি।

ঝিনাইদহ আমাদের ইতিহাস, ঐতিহ্য ও প্রকৃতির সমৃদ্ধ ভান্ডার। এ জেলার কৃষিজ সম্পদ ধান, কলা, মাছ ও পান শুধু স্থানীয় অর্থনীতি নয়, জাতীয় অর্থনীতিকেও সমৃদ্ধ করছে। পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প, বাণিজ্য ও সেবা খাত এ অঞ্চলের সামগ্রিক উন্নয়নে নতুন সম্ভাবনা সৃষ্টি করছে। এই প্রতিবেদনে গত এক বছরের কার্যক্রম, অর্জন ও সীমাবদ্ধতার পাশাপাশি ভবিষ্যৎ পরিকল্পনা সন্নিবেশিত হয়েছে। আশা করি এটি পাঠকদের কাছে দিকনির্দেশনা ও অনুপ্রেরণার উৎস হয়ে উঠবে। আমাদের চেম্বার সব সময় ব্যবসায়ীদের উন্নয়ন, উদ্যোক্তাদের স্বার্থরক্ষা এবং ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। স্থানীয় পণ্যের পরিচিতি বৃদ্ধি, নতুন বাজার সৃষ্টি ও কর্মসংস্থানের প্রসারই আমাদের অগ্রযাত্রার মূল চেতনা। এ কাজে সরকারের সহযোগিতা, উদ্যোক্তাদের উদ্ভাবনী উদ্যোগ এবং সমাজের সর্বস্তরের সমর্থন একান্ত প্রয়োজন।

আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই চেম্বারের সম্মানিত সভাপতি, পরিচালনা পরিষদ, সদস্যবৃন্দ, ব্যবসায়ী ও উদ্যোক্তাগণকে, যাদের নিরলস পরিশ্রম ও সহযোগিতায় আমাদের এগিয়ে চলা সম্ভব হয়েছে। এছাড়া বার্ষিক প্রতিবেদন গুরুত্ববহ করতে যারা মূল্যবান বাণী ও বিজ্ঞাপন দিয়ে আর্থিক-ভাবে সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে ধন্যবাদ জানাই সম্পাদকীয় কমিটির সহকর্মীদের, যাদের অক্লান্ত প্রচেষ্টায় এই প্রতিবেদন প্রকাশিত হলো। ঝিনাইদহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পক্ষ থেকে বার্ষিক প্রতিবেদন ২০২৪ প্রকাশ করতে পেরে আমরা গভীর আনন্দ ও গর্ব অনুভব করছি। শত প্রচেষ্টা ও আন্তরিকতা থাকা সত্ত্বেও পেশাগত দক্ষতা না থাকার কারণে বার্ষিক প্রতিবেদন প্রকাশনায় কিছু মুদ্রণজনিত কিংবা তথ্যগত ভুল ভ্রান্তি থাকতে পারে। এমন অনিচ্ছাকৃত ভুল ত্রুটির জন্য আপনাদের সকলের ক্ষমা সুন্দর দৃষ্টি কামনা করছি।

আসুন, ঐক্য ও সমন্বয়ের মাধ্যমে আমরা ঝিনাইদহকে আরও সমৃদ্ধ, কর্মমুখর ও আলোকিত করে গড়ে তুলি।

শুভেচ্ছান্তে

**(মোঃ আব্দুল মতিন মুক্ত)**